সমকাল

23 APR 2016
পৃ: ... ৩ ... কলাম ... ৫ ...

# জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব আগামীকাল

দেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা বিজয়ী প্রতিযোগীদের নিয়ে আগামীকাল শুরু হচ্ছে জাতীয় হাই স্কুল প্রোগ্রামিংয়ের চূড়ান্ত পর্ব। রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনের এই অনুষ্ঠানে অংশগ্রহণ করছে সর্বমোট ২৮১ প্রতিযোগী। যাদের মধ্যে ৯৬৮ জন কুইজ প্রতিযোগিতার বিজয়ী এবং ৩১৩ জন প্রোগ্রামিংয়ের বিজয়ী। প্রোগ্রামিং প্রতিযোগিতা সম্পর্কে বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহ্‌মেদ পলক বলেন, 'বিশ্ব জয় করার মতো প্রযুক্তি বাংলাদেশ থেকে তৈরি হবে। সেই স্বপ্ন নিয়ে আমরা হাই স্কুল পর্যায়ের প্রোগ্রামিং প্রতিযোগিতা শুরু করেছি। ইতিমধ্যে আমরা বেশ কিছু মেধাবী শিক্ষার্থীর মাধ্যমে সাফল্য পাওয়া শুরু করছি। আশা করি আগামী দিনগুলোতে সেই সাফল্যের ধারাবাহিকতা বজায় থাকবে।'

এই আয়োজনের আওতায় ৬৪টি জেলায় ৭০০ হাই স্কুলের ২ লাখের বেশি শিক্ষার্থীর মাঝে প্রচারণা পরিচালনা করা হয়। অন্যদিকে ১৬টি আঞ্চলিক প্রোগ্রামিং প্রতিযোগিতায় প্রায় ১৮ হাজারের বেশি শিক্ষার্থী অংশগ্রহণ করে। এছাড়া মেন্টরস ট্রেনিং, অনলাইন মেন্টরশিপ ও ফোরাম পরিচালনা করা হয়।

আঞ্চলিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে- রংপুর, রাজশাহী, খুলনা, সিলেট, চট্টগ্রাম, বরিশাল, ঢাকা, গোপালগঞ্জ, দিনাজপুর, পাবনা, পটুয়াখালী, টাঙ্গাইল, নোয়াখালী, কুমিল্লা, যশোর ও ময়মনসিংহ এই ১৬টি অঞ্চলে।

■ প্রযুক্তি প্রতিবেদক